Birmingham and Solihull
Clinical Commissioning Group

লিঙ্গচর্মচ্ছেদন পরিষেবা শিশু বালকদের জন্য

বার্মিংহাম ও সলিহুলে

আপনার ছেলের জন্য সঠিক উপায় বেছে নেয়ার জন্য একটি নির্দেশনা

আপনি যদি আপনার ছেলের লিঙ্গচর্মচ্ছেদন করার কথা হবে নিয়ে ভাবছেন তবে এই লিফলেটটি আপনাকে সাহায্য করতে পারে কোন ধরনের পরিষেবা নিতে হবে সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে।

আপনার যা জানার প্রয়োজন রয়েছে

যদিও বেশির ভাগ ছেলেরা কোনরকম সমস্যা ছাড়াই সেরে ওঠে, তবুও সকল অপারেশনের মনত লিঙ্গচর্মচ্ছেদন অপারেশনে ও ক্ষতির ঝুঁকি রয়েছে। আপনাকে ঝুঁকিটিকে পূর্ণরূপে বিবেচনা করতে হবে এবং তবুও যদি আপনি করাতে চান তাহলে সতর্কতার সাথে আপনার প্র্যাকটিশনারকে বেছে নিন।

এনএইচএস শুধুমাত্র চিকিৎসাজনিত প্রয়োজনীয় লিঙ্গচর্মচ্ছেদনের জন্য অর্থ পরিশোধ করে- এটি খুব দুর্লভ ঘটনা এবং ধর্মীয় ও সাংস্কৃতিক উদ্দেশ্যে কৃত অপারশেন সমূহকে অন্তর্ভূক্ত করে না।

জেনারেল মেডিকেল কাউন্সিল (জিএমসি) এটি সনাক্ত করে যে পুরুষের লিঙ্গচর্মচ্ছেদন ধর্মীয় ও সাংস্কৃতিক কারণে করা হতে পারে। আমরা এই পরামর্শ দিই যে ডাক্তার এই কাজটি করেন তিনি জিএমসি-এর সাথে নিবন্ধিত কিনা তা আপনি একবার পরীক্ষা করে দেখুন এবং যে পরিষেবা আপনি ব্যবহার করবেন বলে ঠিক করেছেন তার গুণমান কেয়ার কোয়ালিটি কমিশন (সিকিউসি) দ্বারা নিশ্চিতকৃত কিনা দেখে নিন।

আপনাকে সম্ভবত লিঙ্গচর্মচ্ছেদনের জন্য অর্থ পরিশোধ করতে হতে পারে, তাই প্রক্রিয়া শুরু করার পূর্বে লিখিতভাবে সমগ্র মূল্যতে আপনার সম্মতি প্রদান নিশ্চিত করুন।

বয়স

আমরা এই পরামর্শ দিই যে আপনার ছেলের লিঙ্গচর্মচ্ছেদন যেন তখন করা হোক যখন তার বয়স যতটা সম্ভব কম থাকে। তাই, সময় থাকতে পরামর্শের জন্য আপনার প্রস্তাবিত প্র্যাকটিশনারের সাথে যোগাযোগ করার সুপারিশ দেয়া হয়। যদি আপনার ছেলে বেশ বড় হয়ে থাকে বা আপনি প্রাপ্তবয়স্ক অবস্থায় লিঙ্গচর্মচ্ছেদনের কথা ভেবে থাকেন, তবে লিঙ্গচর্মচ্ছেদনটি একটি হাসপাতালের বাইরে না করার পরামর্শ দেয়া হয়ে থাকে, তাই অনুগ্রহ করে আপনার উপায়গুলি কী কী তা আপনার জিপির সাথে আলোচনা করুন।

সম্মতি

উভয় বাবা মা এবং/বা অভিভাবকীয় দায়িত্বপ্রাপ্ত পরিচর্যাকারী কে অবশ্যই অপারেশনের পূর্বে তাদের সম্মতি প্রদান করতে হবে। সম্মতির অর্থ হল আপনি আপনার ছেলের লিঙ্গচর্মচ্ছেদন করাতে চান এবং অপারেশন ও সম্ভাব্য ঝুঁকিসমূহ আপনার কাছে ব্যাখ্যা করা হয়েছে।

প্রশ্ন জিজ্ঞেস করতে দ্বিধা বোধ করবেন না। সকল ভালো প্র্যাকটিশনার আপনার প্রশ্নের উত্তর সানন্দে প্রদান করবেন। আপনি যে প্র্যাকটিশনারের কাছে গেছেন তার সম্পর্কে আপনাকে আত্মবিশ্বাসী হয়ে উঠতে হবে।

প্র্যাকটিশনার কে অবশ্যই লিঙ্গচর্মচ্ছেদনের পূর্বে আপনার ছেলের স্বাস্থ্য সম্পর্কে এবং আপনার পরিবারের স্বাস্থ্যের ইতিহাস সম্পর্কে জিজ্ঞেস করা উচিত। লিঙ্গচর্মচ্ছেদনের পূর্বে আপনার ছেলের স্বাস্থ্য ভালো থাকতে হবে।

আমার ছেলের লিঙ্গচর্মচ্ছেদন করাতে আমি কোথায় যেতে পারি?

সিকিউসিতে নিবন্ধিত লিঙ্গচর্মচ্ছেদন প্র্যাকটিশনার প্রচুর আছেন যারা অপারেশন করতে পারেন বার্মিংহামে ও সলিহুলে, বা অন্য কোন এলাকায়।

তাদের বিস্তারিত তথ্য জানতে, অনুগ্রহ করে দেখুন **www.cqc.org.uk/search** এবং টাইপ করুন "লিঙ্গচর্মচ্ছেদন" এবং এলাকা বা স্থান।

লিঙ্গচর্মচ্ছেদনের সময়ে উপস্থিত থাকা

আপনি যদি লিঙ্গচর্মচ্ছেদন করার সময় আপনার ছেলের সাথে থাকতে চান তবে আপনাকে সেই ব্যক্তির সাথে কথা বলতে হবে যিনি লিঙ্গচর্মচ্ছেদন করবেন। কিছু, তবে সবাই নয়, প্র্যাকটিশনার আপনার উপস্থিতিতে তাদের আপত্তি ব্যক্ত করতে পারেন , তাই আপনি প্রথম যখন তাদের সাথে যোগাযোগ করবেন তখন এই নিয়ে আলোচনা করে নেবন।

পরিষ্কার ও নির্বীজিত

স্থানটি পরিষ্কার থাকতে হবে। আপনার ছেলের কোন সংক্রমণ হওয়ার ঝুঁকি হ্রাস করার জন্য নির্বীজিত, একক ব্যবহার যোগ্য যন্ত্রপাতি ব্যবহার করা উচিত। একজন ভালো প্র্যাকটিশনার যতটা সম্ভব নিরাপদ অপারেশন করার জন্য উপযুক্ত যন্ত্রপাতি ও কৌশল ব্যবহার করবেন।

আপনি হয়ত লিঙ্গচর্মচ্ছেদন কাজটি একটি পারিবারিক উৎসব হিসেবে পালন করতে চাইতে পারেন, কিন্তু মনে রাখবেন, লিঙ্গচর্মচ্ছেদন হল একটি অপারেশন এবং এটাকে একটি উপযুক্ত স্থানে করা উচিত যেটা শান্ত ও পরিষ্কার হয় এবং যেখানে নির্বীজিত যন্ত্রপাতি ব্যবহার করা হয়।

ব্যাথা সামলানো

আপনার ছেলের জন্য লিঙ্গচর্মচ্ছেদন ব্যাথাপূর্ণ হতে পারে। লিঙ্গচর্মচ্ছেদনের সময়ে ব্যাথা কিভাবে সামলানো যায় ও এরপর বাড়িতে তার ব্যাথা কিভাবে কমানো যায় তা আপনাকে অবশ্যই বলা উচিত।

পরবর্তী পরিচর্যা

লিঙ্গচর্মচ্ছেদনের ফলে হওয়া কোন রক্তপাত বন্ধ হওয়ার অন্তত 30 মিনিট পর পর্যন্ত আপনার ছেলেকে পরিষেবায় রাখা উচিত। এরপরে কি হয় ও আপনার ছেলের পরিচর্যা কিভাবে নিতে হবে তা নিয়ে কর্মচারীরা আপনার সাথে কথা বলবেন। আপনি যখন বাড়ি যাবেন, তখন আপনাকে কখন ও কোথায় সাহায্য নিতে হবে, এবং কোন লক্ষণের দিকে নজর রাখতে হবে এই সবকিছু সহ আপনার ছেলের দেখভাল কিভাবে করতে হবে সে সম্পর্কিত একটি বিস্তারিত বিবরণ সম্বলিত লিফলেট দেয়া হবে। খোলা থাকার ঘন্টার বাইরে যোগাযোগ করার জন্য আপনাকে একটি যোগাযোগের নম্বর দেয়া হবে।

যদি লিঙ্গচর্মচ্ছেদনের পর আপনি আপনার ছেলেকে নিয়ে চিন্তিত হন তবে আপনার উচিত তাৎক্ষণিক প্র্যাকটিশনারের সাথে যোগাযোগ করা। আপনি যদি তাদের সাথে যোগাযোগ না করতে পারেন, বা তাদের পরামর্শ তে আপনি যদি সন্তুষ্ট না হন, তবে আপনার উচিত **এনএইচএস১১১** এ রিং করা বা আপনার ছেলেকে স্থানীয় এ অ্যান্ড ই-তে নিয়ে যাওয়া।

মনে রাখবেন, যদি আপনি লিঙ্গচর্মচ্ছেদনের জন্য পৌঁছান এবং আপনি কোন কিছু নিয়ে সন্তুষ্ট নন বা আপনার ছেলের স্বাস্থ্য নিয়ে কোন কারণে চিন্তিত থাকেন, তবে আপনাকে সেই সময়ে লিঙ্গচর্মচ্ছেদন করাতে হবে না। যেকোন ভালো প্র্যাকটিশনারের উচিত আপনার চিন্তাগুলি সম্পর্কে শোনা এবং আপনি যদি চান তবে পুনরায় ব্যবস্থা করা বা বাতিল করা।

অভিযোগ

আপনি যদি আপনার দ্বারা প্রাপ্ত পরিষেবা নিয়ে অসন্তুষ্ট হন, তবে যে প্র্যাকটিশনার লিঙ্গচর্মচ্ছেদন করেছেন তার সাথে প্রথমে কথা বলুন। আপনি যদি তাদের প্রত্যুত্তরে সন্তুষ্ট না হন, তবে আপনি হয় জেনারেল মেডিকেল কাউন্সিলে বা নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিলের সাথে যোগযোগ করতে পারেন।

মহিলা যৌনাঙ্গ ছেদন

নারী যৌনাঙ্গ ছেদন আইন (২০০৩) এর অধীনে নারী যৌনাঙ্গ ছেদন করা (এফজিসি) বেআইনি যুক্তরাজ্যে বা অন্য কোন দেশে এর ব্যবস্থা করলে বা এফজিসি করলে আপনাকে অভিযুক্ত করা হবে। দোষী সাব্যস্ত যে কোন ব্যক্তির সর্বোচ্চ শাস্তিস্বরূপ ১৪ বছরের জেল হবে।

নারী যৌনাঙ্গ ছেদনের কোন চিকিৎসা সংক্রান্ত সুবিধা নেই।

শিশু নিরাপত্তা

আপনি যদি চিন্তিত হন, বা কোন শিশু বা কোন তরুণ ব্যক্তিকে নিয়ে আপনার চিন্তা থাকে যাকে আপনি নির্যাতিত, অবহেলিত বা ক্ষতিগ্রস্ত বলে মনে করেন, তবে অনুগ্রহ করে যোগাযোগ করুন:

- সলিহুল ম্যাশ টিম **০১২১ ৭৮৮ ৪৩০০** এই নম্বরে (সোমবার- বৃহস্পতিবার সকাল ৮.৪৫- বিকাল ৫.২০টা, শুক্রবার সকাল ৮.৪৫ – বিকাল ৪.৩০টা) আপনি যদি খোলা থাকার ঘন্টার বাইরে কল করেন (সন্ধ্যা, সাপ্তাহিক ছুটির দিন বা ব্যাংক ছুটির দিনে) জরুরি কর্তব্যরত দলকে কল করুন এই নম্বরে **০১২১ ৬০৫ ৬০৬০**

- বার্মিংহাম চিলড্রেন'স অ্যাডভাইস অ্যান্ড সাপোর্ট সার্ভিস (সিএএসএস) **০১২১ ৩০৩ ১৮৮৮** যদি আপনি কর্মঘন্টার বাইরে কল করেন (সন্ধ্যা, সাপ্তাহিক ছুটির দিন বা ব্যাংক ছুটির দিনে) জরুরি কর্তব্যরত দলকে কল করুন **০১২১ ৬৭৫ ৪৮০৬** এ নম্বরে।

যদি আপনি একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে নিয়ে চিন্তিত হন যিনি শিশুদের সঙ্গে কাজ করেন বা যাদের কর্মক্ষেত্রে শিশুদের সাথে সরাসরি যোগাযোগ আছে, একজন বেতনভুক্ত কর্মচারী বা স্বেচ্ছাসেবক হিসেবে- তবে অনুগ্রহ করে দেখুন:

http://www.lscbbirmingham.org.uk/

http://solihulllscb.co.uk/report-abuse.php

সিসিজি-এর সাথে যোগাযোগ করা

আপনি যদি এনএইচএস বার্মিংহাম ও সলিহুল সিসিজি-এর সাথে যোগাযোগ করতে চান, তবে আপনি **০১২১ ২০৩ ৩৩০০** এ কল করতে পারেন বা ইমেইল করতে পারেন **bsol.comms@nhs.net** এই ঠিকানায়।

একটি লিঙ্গচর্মচ্ছেদন পরিষেবা বেছে নেয়ার সময় আপনি হয়ত কিছু প্রশ্ন জিজ্ঞেস করতে চাইতে পারেন

প্রদানকারী কি অনেক সফল লিঙ্গচর্মচ্ছেদন করেন?

তারা যত বেশি করেন, সাধারণত তা নির্দেশ করে যে প্রক্রিয়াটি ততই নিরাপদ। সর্বনিম্ন হবে প্রতি বছর ২০টি, কিন্তু সংখ্যাটি বেশি হলে, আরো ভালো।

প্রদানকারী কি কেয়ার কোয়ালিটি কমিশন (সিকিউসি)-তে নিবন্ধিত?

স্বাস্থ্যসেবা প্রদানকারীর এটি একটি নিয়ামক এবং ডাক্তার বা নার্সদের সাথে সকল লিঙ্গচর্মচ্ছেদন পরিষেবাসমূহ নিবন্ধিত থাকতে হবে। ওয়েবসাইটটিতে দেখুন www.cqc.org.uk বা ০৩০০ ৬১৬১৬১ এ কল করুন

লিঙ্গচর্মচ্ছেদন যিনি করেন সেই ব্যক্তির যোগ্যতাসমূহ কী ?

পরীক্ষা করে দেখুন যে ডাক্তাররা জেনারেল মেডিকেল কাউন্সিলের সাথে নিবন্ধিত আছেন কিনা। www.gmc-uk.org এর ওয়েবসাইট দেখুন বা ০১৬১ ৯২৩ ৬৬০২ এ কল করুন।

যদি প্রক্রিয়াটি একজন নার্সের দ্বারা করার হয়, তবে পরীক্ষা করে দেখুন যে তারা নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিলের সাথে নিবন্ধিত কিনা। ওয়েবসাইট দেখুন www.nmc-uk.org বা কল করুন ০২০ ৭৬৩৭ ৭১৮১

কতজন ভিন্ন লোক আপনার ছেলেকে পরিচর্যা ও পরিষেবা প্রদান করবেন?

ডাক্তার, নার্স বা অন্যান্য ধরনের কর্মচারীরা আপনার ছেলের দেখাশোন করবেন কি? এই স্থানে একজন ডাক্তার থাকবেন কি না?

প্রদানকারী কি তার পরিষেবা ও ফিসমূহ ব্যাখ্যাকারী কাগজপত্র দেবেন ?

এটি অগ্রিম দেখার জন্য জিজ্ঞেস করুন এবং আপনি বুঝতে পারছেন না এমন যে কোন কিছুর ব্যাখ্যা চান। প্রশ্ন জিজ্ঞেস করতে ভয় পাবেন না।

আপনার কোন বিশেষ প্রয়োজন সম্পর্কে তারা কি আলোচনা করতে ইচ্ছুক?

নিশ্চিত করুন যে তারা আপনার প্রয়োজন থাকতে পারে এমন সব বিষয়ের কথা শুনছেন ও তা অনুযায়ী কাজ করছেন।

উপলব্ধ পরিচর্যা ও পরিষেবা সম্পর্কে খোঁজ নেয়ার সময়ে আপনার সাথে কি সম্মানপূর্বক আচরণ করা হয়েছে? আপনার সাংস্কৃতিক মূল্যবোধ ও বিশ্বাসের প্রতি তারা কি সংবেদনশীল?

ক্লিনিকাল পরিষেবাদের সবসময় আপনার সাথে সম্মানসহ ব্যবহার করা উচিত।

তারা কোন ধরনের পরবর্তীতে পরিচর্যা প্রদান করে থাকে?

আপনার উচিত পরিষেবাতে অন্তত ৩০ মিনিট অবস্থান করা। তাদের অবশ্যই আপনাকে একটি ২৪ ঘন্টার হেল্পলাইনের নম্বর বা একজন বিশিষ্ট কর্মচারীর নাম দেয়া উচিত যার সাথে আপনি সেখান থেকে চলে যাওয়ার পর যোগাযোগ করতে পারেন।

প্রক্রিয়াগুলো কখন করা হয়?

যদি একটি প্রক্রিয়া সপ্তাহের শেষের দিকে করা হয়ে থাকে, তবে পরিষেবাটি সাপ্তাহিক ছুটির দিনেও কি সাপোর্ট প্রদান করে?

আপনার বা আপনার পরিবারের জন্য প্রদানকারী আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের গোপনীয়তা কি নিশ্চিত করেন?

তাদের উচিত একটি নিরাপদ কম্পিউটার বা রেকর্ড সিস্টেম ব্যবহার করা।

প্রত্যেক পরিষেবার খরচ কত?

এগুলি স্পষ্টভাবে লিখিতভাবে ব্যাখ্যা করা উচিত।

একই পরিষেবার জন্য অন্য প্রদানকারীরা কত দাম নেয় তার সাথে কি এদের মিল আছে?

আপনার উচিত অনেকগুলি পরিষেবার দাম জিজ্ঞেস করে নেয়া।

আপনার বিল কিভাবে ধরা হবে?

আপনার বিলে আপনার কেয়ার প্ল্যানের সাথে সংশ্লিষ্ট সকল খরচ ও পেমেন্ট অপারেশনের নিয়মিত ব্যাখ্যা ও বর্ণিত হবে?

আপনাকে কাজের পূর্বে টাকা পরিশোধ করতে হবে নাকি পরবর্তীতে ইনভয়েস পাবেন তা বিবেচনা করুন।